দৈনিক ইত্তেফাক
তারিখ 25 JUN 1995
পৃষ্ঠা ৭ কলাম ৫

# ২০ জন ছাত্রের ভর্তির আদেশ স্থগিত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি কর্তৃক প্রদত্ত বাণিজ্য অনুষদে ২০ জন মেধাবী ছাত্রের ভর্তির নির্দেশ গতকাল শনিবার ভিসি স্থগিত রাখার আদেশ দিয়াছেন। সংশ্লিষ্ট সূত্রে জানা গিয়াছে, ২৬শে জুন ভর্তি কমিটির সভায় উক্ত ছাত্রদের ভর্তির ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হইবে। ভিসির

(১১শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ২০ জন ছাত্রের

( ১ম পৃঃ পর )

মতে, এই ভর্তির নির্দেশ দেওয়ার আগে ক্যাম্পাসে ক্রিয়াশীল সকল ছাত্র সংগঠন, শিক্ষক সমিতিসহ সংশ্লিষ্ট সকলের মতামত নেওয়া হয়। অথচ নির্দেশ প্রদানের পর ছাত্রদল ছাড়া প্রায় প্রতিটি ছাত্র সংগঠন এবং শিক্ষক সমিতির পক্ষ হইতে বিষয়টির বিরোধিতা করা হইতেছে। ভর্তির নির্দেশ বাতিলের দাবীতে ছাত্রলীগ (শা-পা)-সহ কয়েকটি ছাত্র সংগঠন গতকাল ক্যাম্পাসে বিক্ষোভ সমাবেশ করে।

কেন্দ্রীয় গণতান্ত্রিক ছাত্রঐক্য গতকাল এক সমাবেশে এই ভর্তির আদেশ প্রত্যাহারের দাবীতে ২৬শে জুন ভিসি কার্যালয় ঘেরাও করার কর্মসূচী গ্রহণ করিয়াছে।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'গ' ইউনিটভুক্ত বাণিজ্য অনুষদের ৪টি বিভাগের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয় ১৫ই এপ্রিল। ঐদিন ওসমানী মিলনায়তনে ৪টি বোর্ডের এইচ এসসি পরীক্ষায় মেধা স্থান অধিকারী ছাত্র-ছাত্রীদের জন্য প্রধানমন্ত্রী কর্তৃক পুরস্কার প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। পরীক্ষা এবং পুরস্কার প্রদানের সময় একসাথে পড়িয়া যাওয়ায় ২০ জন মেধাবী ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ না করিয়া প্রধানমন্ত্রীর অনুষ্ঠানে অংশ নেয়। এই ২০ জন ছাত্রকে ভিসি তাহার নির্বাহী ক্ষমতাবলে লিখিত পরীক্ষা ছাড়াই ভর্তি করিয়া নেওয়ার নির্দেশ দিয়াছিলেন।

যাহারা বিরোধিতা করিতেছেন তাহাদের বক্তব্য, আমরা মেধাবী ছাত্র-ছাত্রীদের অবশ্যই সম্মান করি। বিশ্ববিদ্যালয়ে ভর্তি হইতে হইলে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। ভিসি যাহাদের মেধাবী ছাত্র-ছাত্রী বলিতেছেন, ইতিপূর্বে এইরূপ মেধাবী ছাত্র-ছাত্রীদের অনেকেই ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হইতে পারে নাই